সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৬২

তারিখঃ ০২ চৈত্র , ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ , ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৬ মার্চ ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বিশ্ব ব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (International Finance Corporation) এর একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ, আইএফসি'র কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ, ভূটান ও নেপাল) Mr. Martin Holtmann, আইএফসি'র Operations Officer, ESG Advisory- South Asia, Environmental, Social and Governance(ESG) Ms. Lopa Rahman এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক ও মুখপাত্র জনাব মোহাম্মদ রেজাউল করিম উপস্থিত ছিলেন। উক্ত সভায় পুঁজিবাজারের উন্নয়নে টেকসই অর্থায়নের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন এর কান্ট্রি ম্যানেজার Mr. Martin Holtmann কমিশন কর্তৃক সম্প্রতি গৃহীত বিভিন্ন কার্যক্রমের ভূয়সী প্রসংশা করেন এবং বলেন , "The National Sustainability Bond Guidelines will help mobilize finance for the development of the blue and green economy in Bangladesh, and IFC is committed to improving Environmental, Social and Governance (ESG) practices in the country as part of this effort initiated in partnership with the Swiss State Secretariat for Economic Affairs (SECO). We are also very fortunate to have the excellent cooperation of BSEC in this important effort."

এসময় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (International Finance Corporation) এর মধ্যে National Sustainability Bond Guidelines বিষয়ে Cooperation Agreement স্বাক্ষরিত হয়। উক্ত Cooperation Agreement-টিতে স্বাক্ষর করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন এর কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ, ভূটান ও নেপাল) Mr. Martin Holtmann । উক্ত Cooperation Agreement-টি স্বাক্ষরের মাধ্যমে নিম্নোক্ত চারটি উদ্দেশ্য অর্জিত হবেঃ

১. ইএসজি (Environmental, Social and Governance) রেগুলেটরি এবং রিপোর্টিং ফ্রেমওয়ার্ক শক্তিশালী হবে, টেকসই বন্ড(ব্লু, গ্রীন, পিংক বন্ডসহ) সম্পর্কিত ফ্রেমওয়ার্ক উন্নয়নে সহযোগিতা করবে এবং কর্পোরেট গভর্নেন্স কোড রিভিশনে বিএসইসি'র সাথে ঘনিষ্টভাবে কাজ করবে IFC।

২. স্থানীয় বাজার মধ্যস্থতাকারীদের ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সমস্যা/মান/সর্বোত্তম অনুশীলন সম্পর্কিত প্রশিক্ষণ/পরামর্শমূলক প্রোগ্রাম আয়োজনে সক্ষমতা বৃদ্ধি পাবে।

৩. আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে due diligence মান এবং কর্পোরেট গভর্নেন্স অনুশীলনের উন্নতিসহ পরিবেশগত সামাজিক ব্যবস্থাপনা পদ্ধতি তৈরিতে সহযোগিতা করবে।

৪. রিয়েল সেক্টর গ্রাহকদের বিনিয়োগ সংক্রান্ত প্রতিবন্ধকতা মোকাবিলা করতে সহযোগিতা করবে এবং IFC পোর্টফোলিও'র কোম্পানিগুলোর কার্যক্ষমতা উন্নত হবে।

উক্ত Cooperation Agreement-এর মাধ্যমে বাংলাদেশে 'labelled bond market (Green, Social, Sustainability, Climate and Blue bonds)' এর গড়ে তুলতে সহায়তা করবে International Finance Corporation । বাংলাদেশে সাস্টেইনেবিলিটি বন্ড সার্ভিস প্রোভাইডারদের সক্ষমতা বৃদ্ধিতে এবং সাস্টেইনেবিলিটি বন্ডের ধারণাকে উৎসাহিত করতে কাজ করবে IFC। এর মাধ্যমে IFC বিএসইসিকে National Sustainability Bond Guidelines বাস্তবায়নে সহযোগিতা করবে।

16-03-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র




Chairman